



জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ই-মেইলঃ info@nhrc.org.bd

স্মারক নং: এনএইচআরসিবি/প্রেস:বিজ্ঞঃ/ -২৩৯/১৩-১০১

তারিখঃ ১৫ আগস্ট ২০২০

প্রেস বিজ্ঞপ্তি-

মানবাধিকার প্রতিষ্ঠাই ছিল বঙ্গবন্ধুর জীবনের লক্ষ্য- চেয়ারম্যান, জাতীয় মানবাধিকার কমিশন

জাতীয় মানবাধিকার কমিশনের চেয়ারম্যান নাছিমা বেগম, এনডিসি বলেছেন, মানবাধিকার প্রতিষ্ঠাই ছিল বঙ্গবন্ধুর জীবনের লক্ষ্য। আজ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫ তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে জাতীয় মানবাধিকার কমিশন আয়োজিত আলোচনা সভায় ‘ভার্চুয়াল কনফারেন্স’ এর মাধ্যমে সভাপতির বক্তৃতাকালে তিনি এ কথা বলেন।

তিনি বলেন, যে ব্যক্তি আজীবন দেশের স্বাধীনতা আর এদেশের মানুষের জন্য ত্যাগ করে গেছেন তাকেই আজকের এই দিনে সপরিবারে নিষ্ঠুরতম হত্যাকাণ্ডের শিকার হতে হয়। এমন কলঙ্কময় ইতিহাস বিশ্বের আর কোথাও নেই। তিনি বলেন, বঙ্গবন্ধু সম্পর্কে জানার কোন শেষ নেই। মানবাধিকার প্রতিষ্ঠায় তিনি আজীবন নিবেদিত ছিলেন। তিনি অত্যন্ত দূরদর্শী নেতা ছিলেন। জাতিসংঘের ঘোষিত CRC'র ১৫ বছর আগে তিনি শিশু আইন করেছেন। নারীর প্রতি বৈষম্য বিলোপ সনদ (CEDAW)'র সাত বছর পূর্বে এর সকল অনুচ্ছেদ বঙ্গবন্ধু আমাদের সংবিধানে অন্তর্ভুক্ত করেছেন। অসাম্প্রদায়িক বাংলাদেশ গড়ার স্বপ্ন দেখেছেন। কমিশনের সকল কর্মকর্তা/ কর্মচারীকে তিনি বঙ্গবন্ধুর সোনার বাংলাদেশ গড়ার প্রত্যয় নিয়ে কাজ করার আহ্বান জানান।

সভায় কমিশনের অবৈতনিক সদস্য ড. নমিতা হালদার, এনডিসি, জেসমিন আরা বেগম, মিজানুর রহমান খান, চিংকিউ রোয়াজা এবং কর্মকর্তা/ কর্মচারীগণ বক্তব্য রাখেন। সভার শেষে বঙ্গবন্ধু ও তাঁর পরিবারের শহীদ সদস্যদের রুহের মাগফেরাত কামনায় দোয়া করা হয়।

ধন্যবাদান্তে,

ফারহানা সাঈদ
জনসংযোগ কর্মকর্তা
জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ